তারিখ ... 19 NOV 1990
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 6

দৈনিক বাংলা

07

# প্রকাশিত বইয়ের কপি জাতীয় গ্রন্থাগারে জমা দিতে হবে

সরকার দেশের সকল প্রকাশককে দেশে তাদের প্রকাশিত পুস্তক-পুস্তিকা, সংবাদপত্র ও সাময়িকীর এক কপি নিজ খরচে ও দায়িত্বে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারসহ দেশের তিনটি বিভাগীয় গণ গ্রন্থাগারে ভবিষ্যতে সংরক্ষণের জন্য জমা দেয়ার নির্দেশ দিয়েছেন।

প্রকাশকদের তাদের প্রকাশিত পুস্তক–পুস্তিকার এক কপি প্রকাশের ৩০ দিনের মধ্যে এবং সংবাদপত্র ও সাময়িকী প্রকাশের সাথে সাথে জাতীয় গ্রন্থাগারে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।